

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৬০৯

৬/ সফর (أَبْوَابُ السَّفَرِ)

পরিচ্ছেদঃ কততুকু পানি উযুর জন্য যথেষ্ট।

باب قَدْرٍ مَا يُجْزَى مِنَ الْمَاءِ فِي الْوُضُوءِ

আরবী

حَدَّثَنَا هَنَادٌ، حَدَّثَنَا وَكَيْعٌ، عَنْ شَرِيكِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَيْسَى، عَنْ ابْنِ جَبْرِ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " يُجْزَى فِي الْوُضُوءِ رِطْلَانِ مِنْ مَاءٍ ". قَالَ أَبُو عَيْسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ حَدِيثِ شَرِيكِ عَلَى هَذَا اللَّفْظِ . وَرَوَى شُعْبَةُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ جَبْرِ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَتَوَضَّأُ بِالْمَكُوكِ وَيَغْتَسِلُ بِخَمْسَةِ مَكَائِي . وَرَوَى عَنْ سُفْيَانَ الثَّوْرِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَيْسَى عَنْ عَبْدِ اللَّهِ بْنِ جَبْرِ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَتَوَضَّأُ بِالْمُدِّ وَيَغْتَسِلُ بِالصَّاعِ . وَهَذَا أَصَحُّ مِنْ حَدِيثِ شَرِيكِ .

বাংলা

৬০৯. হান্নাদ (রহঃ) আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ উযুর জন্য দুই রতল* পরিমাণ পানি যথেষ্ট। - ইবনু মাজাহ ২৭০, তিরমিজী হাদিস নম্বরঃ ৬০৯ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ঈসা তিরমিজী (রহঃ) বলেনঃ এই হাদীসটি গারীব। এই শব্দে রাবী শারীক ছাড়া অন্য কোন সনদে এটি সম্পর্কে আমাদের কিছু জানা নাই। শু'বা (রহঃ) আদিল্লাহ ইবনু আদিল্লাহ ইবনু জাব্র সূত্রে আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক মাককূক* পরিমাণ পানি দিয়ে উযু (ওজু/অজু/অযু) এবং পাঁচ মাককূক পরিমাণ পানি দিয়ে গোসল করতেন। সুফইয়ান সাওরী (রহঃ) আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক মুদ্ পরিমাণ পানি দিয়ে উযু এবং এক সা' পরিমাণ পানি দিয়ে গোসল করতেন। এই হাদীসটি শারীক-এর হাদীস অপেক্ষা অধিকতর সহীহ।

English

Anas bin Malik narrated that :
the Messenger of Allah said: The acceptable Wudu is with two Ratils of water."

ফুটনোট

*রতল - হল ২৫৬৪ গ্রাম।

*মাককূক- একধরনের পাত্র। এতে বর্ণনাভেদে এক সা' বা অর্ধ সা' পরিমাণ বস্তু ধরে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17798>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন